রঘুনাথগঞ্জ শাখায়

মাত্র ৭৫৲ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম

ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের

বিশেষ কনশেসন

ধনরাজ পিপাড়া

রঘুনাথগঞ্জ ( সদরঘাট ), মুর্শিদাবাদ



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫৩শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৯শে পৌষ বুধবার, ১৩৭৩ ইং 4th. Jan. 1967 | ২৯শ সংখ্যা।





সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুল ও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।

• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।

• যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা

কেরোসিন কুকার

প্রস্তুতকারক :

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

## খেলা ঘর

স্কুল কলেজের নানাপ্রকার খেলাধুলার সরঞ্জাম,
সর্ব্বপ্রকার প্রসাধন সামগ্রী ও চা বিস্কুট পাইবেন।
পরীক্ষা প্রার্থনীয়।

কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর

রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ




স্কুল, কলেজ ও পাঠাগারের

মনের মত ভাল বই

সবচেয়ে সুবিধায় কিনুন।

STUDENTS' FAVOURITE

Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

১৯শে পৌষ বুধবার সন ১৩৭৩ সাল।

## মহকুমা শহর রঘুনাথগঞ্জের আপামর জনসাধারণ বহুদিনের বর্ণনাতীত অসুবিধার হাত হইতে নিষ্কৃতি পাইলেন

রঘুনাথগঞ্জের তরিতরকারী মাছ বিক্রয়ের বাজারের স্থান অপরিসর থাকায় বিক্রেতাগণ স্থানাভাবে মিউনিসিপ্যাল রাস্তার দুই পাশে বসিতে বাধ্য হইত। রাস্তা দিয়া রিক্সা, সাইকেল চলাচল করিলে অনেক লোককে গাড়ীর ধাক্কায় জখম হইতে হইত। অনেক সময় পুলিশ পক্ষ পাঁচ আইনের মামলা করিতেন।

শ্রীশ্রী৺বৃন্দাবনবিহারী দেব ঠাকুরের সেবাইতগণ বিক্রেতাগণের ও ক্রেতাগণের সুবিধার জন্য তাঁহাদের পরিত্যক্ত রঘুনাথগঞ্জের কাছারী সংলগ্ন প্রকাণ্ড প্রাঙ্গণে গত ২রা জানুয়ারী '৬৭ হইতে একটি বাজার বসাইয়াছেন। এই বাজারে প্রত্যহ প্রচুর জিনিসপত্র আমদানী ও বেচাকেনা হইতেছে। বিক্রেতাগণের দোকানের জন্য টাইলের ঘর তৈরী করা হইয়াছে এবং বিশুদ্ধ পানীয় জলের জন্য টিউবওয়েল বসান হইয়াছে। বাজারের নিকটেই মিউনিসিপ্যালিটীর বড় ইন্দারা আছে।

বর্ত্তমান বাজার পূর্ব্ব বাজারের সন্নিকটে অবস্থিত।

---

## কর্ত্তব্য কর্ম্মে স্পৃহা

জঙ্গিপুরের নবাগত মহকুমা স্বাস্থ্য-আধিকারিক ডাঃ অনিলকুমার সাহা মহাশয় তাঁহার এলাকার বহু গ্রামে যে সব বালকবালিকার প্রাথমিক টিকা হয় নাই তাহাদের টিকা দেওয়ার সুব্যবস্থা করিতেছেন।

গত ৫ই ও ১৬ই নভেম্বর তিনি সাগরদীঘি থানার বন্যেশ্বর ইউনিয়নের হাজীপুর গ্রামে সাগরদীঘি থানার স্বাস্থ্য-পরিদর্শক শ্রীঅমিয়কুমার ঘোষ, বিভাগীয় কর্ম্মচারী সর্ব্বশ্রী কালীপদ রায়, শ্যামাপদ দাস, সুনীলকুমার রায়, জয়নাল আবেদীন, কিরণচন্দ্র মুখার্জ্জী, প্রিয়নাথ রায়, ওয়াজেদ আলি ও শঙ্করলাল ঘোষ ( জি. ডি. এ. ) সমভিব্যাহারে সুষ্ঠুভাবে উক্ত গ্রামের বালকবালিকাদের প্রাথমিক টিকা দেওয়ার ব্যবস্থা করিয়াছেন। কাজ করার সদিচ্ছা থাকিলে এমনি করিয়া কাজ করা যায়। অন্যান্য মহকুমার বিভাগীয় কর্ম্মচারিগণ ডাঃ সাহার কর্ম্মপদ্ধতি অনুকরণ করিলে দেশের যথেষ্ট উপকার হইবে সন্দেহ নাই।

---

## দোকান কর্ম্মচারী আইন জানুয়ারী মাসে বই-এর দোকানে প্রযোজ্য নহে

যে সব জায়গায় পশ্চিমবঙ্গ দোকান ও সংস্থা আইন প্রযোজ্য সেখানে পশ্চিমবঙ্গ সরকার ১৯৬৭ সালের ১লা থেকে ৩১শে জানুয়ারী ( উভয় দিন ধরে ) পর্যন্ত এক মাস সমস্ত বই-এর দোকানকে উপরোক্ত আইনের ৬নং ধারার উপধারা ১ এর প্রয়োগ থেকে অব্যাহতি দিয়েছেন। ১৯৬৭ সালের নূতন শিক্ষাবর্ষ শুরু হওয়া উপলক্ষে এই অব্যাহতি দেওয়া হচ্ছে। দোকান খোলা ও বন্ধ করার সময় সম্পর্কেই এই অব্যাহতি। তবে এই আদেশে নির্দিষ্ট করে বলে দেওয়া হয়েছে যে অব্যাহতিকালে এইরূপ কোন দোকানই সকাল ৭টার আগে খোলা বা রাত্রি ৯টার পরে বন্ধ করা চলবে না। এই সময়ে বই-এর দোকানগুলিতে কেনাবেচা হঠাৎ অত্যধিক বৃদ্ধি পাওয়ার দরুণ ওভারটাইম কাজে লোক নিয়োগ করা যেতে পারে। প্রেস-নোট

---

## পরিবার কল্যাণ পরিকল্পনা শিক্ষণ শিবির ও প্রদর্শনী

—•—

গত ২৯শে, ৩০শে ও ৩১শে ডিসেম্বর জঙ্গিপুর পরিবার পরিকল্পনা কেন্দ্রের সম্প্রসারণ শিক্ষক শ্রীবিজয়কুমার দাস মহাশয়ের পরিচালনায় জঙ্গিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়ে তিনদিনব্যাপী পরিবার কল্যাণ পরিকল্পনা শিক্ষণ শিবির ও প্রদর্শনীর অনুষ্ঠান উপলক্ষে সভাপতির আসন গ্রহণ করেন শ্রীমুক্তিপদ চ্যাটার্জি, এম-এল-এ মহাশয় এবং প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন মুর্শিদাবাদ জেলার মুখ্য স্বাস্থ্য-আধিকারিক শ্রীরবীন্দ্রনাথ রায় চৌধুরী। ইহা ছাড়া স্থানীয় ও বহিরাগত বহু বিশিষ্ট ব্যক্তি উক্ত অনুষ্ঠান উপলক্ষে উপস্থিত ছিলেন। তিনদিনের এই শিবিরে পরিবার পরিকল্পনার বিভিন্ন বিষয় সম্বন্ধে শিক্ষা গ্রহণার্থে ৪৮ জন শিক্ষার্থী ও ১৪ জন শিক্ষার্থিনী মোট ৬২ জন যোগদান করেন এবং শিক্ষা সমাপনান্তে ৩১শে ডিসেম্বর এক সাধারণ সভায় সভাপতি শ্রীজগদানন্দ দত্ত, অধ্যক্ষ, জঙ্গিপুর কলেজ, মহাশয়ের হাত হইতে তাঁহারা প্রশংসাপত্র গ্রহণ করেন। উভয় দিনের সভাতেই শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায়, ডাঃ রবীন্দ্রনাথ রায় চৌধুরী, ডাঃ পশুপতি দাস, ডাঃ অনিলকুমার সাহা, শ্রীঝড়ুলাল দাস, শ্রীঅম্বিকাচরণ দাস, শ্রীজগদানন্দ দত্ত, শ্রীবিনয়কুমার দাস, ডাঃ হাসনাবানু প্রভৃতি বহু বিশিষ্ট ব্যক্তি পরিবার পরিকল্পনার প্রয়োজনীয়তা সম্বন্ধে ভাষণ দান করেন। ৩০শে ডিসেম্বর ১৫ জন ও ৩১শে ডিসেম্বর ১ জন মোট ১৬ জন ব্যক্তির এই শিক্ষণ শিবিরে বন্ধ্যাকরণ অস্ত্রোপচার করা হয়। ৩১শে ডিসেম্বর ডাঃ মদন চৌধুরী, সার্জেন অসুস্থতাবশতঃ অনুপস্থিত থাকায় বন্ধ্যাকরণ অস্ত্রোপচার করাইতে ইচ্ছুক প্রায় ১৫ জন ব্যক্তিকে ফিরাইয়া দেওয়া হয়। তিনদিনের এই শিবিরে প্রাপ্তবয়স্কদের জন্য একটি সুন্দর প্রদর্শনীরও আয়োজন করা হইয়াছিল। দর্শকদের সেখানে জন্ম-নিয়ন্ত্রণ সম্বন্ধীয় বিভিন্ন বিষয়সমূহ চিত্র ও মডেল দ্বারা বুঝাইয়া দেওয়া হয়।

## রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক সর্ব্বার্থসাধক বিদ্যালয়ের

## প্রধান শিক্ষক মহাশয়ের কর্ম্ম-পদ্ধতি সম্বন্ধে

জনৈক

# অভিভাবকের অভিব্যক্তি

১। বিদ্যালয়ে N. D. S. শিক্ষক নাই কেন?

২। স্থায়ী গেম-শিক্ষক নাই কেন?

৩। বৎসরের প্রথম মাসে গেম-ফি আদায় করা হয় কিন্তু ছেলেদের সময়মত ফুটবল, ভলিবল, ক্রিকেট প্রভৃতি খেলার সরঞ্জাম দেওয়া হয় না কেন?

৪। ৫নং ওয়ার্ড বাজারপাড়ার ছেলেদের আগষ্ট মাসের পর কোন বল দেওয়া হইয়াছে কি?

৫। গেম-ফাণ্ড হইতে প্রতি বৎসর প্রধান শিক্ষকের বুটজুতা কেনা হয় কিনা?

৬। লাইব্রেরী হইতে ছাত্রদের পুস্তক দেওয়া হয় না কেন?

৭। পুস্তক না পাওয়ার জন্ম ছাত্ররা অভিযোগ করিয়াছে কিনা?

৮। আপনি সব সময়ে ছাত্রদিগকে মেজাজ দেখান কিনা?

৯। দ্বিতীয় করণিক শ্রীকিরণপ্রকাশ মুখার্জ্জীকে টাইপিষ্ট হিসাবে বাহাল করা হইয়াছে কি না? উক্ত করণিককে টাইপরাইটার মেসিন স্পর্শ করিতে দেওয়া হয় না কেন? মেসিনটা সর্ব্বদা আপনার আসনের পার্শ্বে রক্ষিত থাকে কিনা? আবশ্যক মত আপনি উহা ব্যবহার করেন কিনা?

১০। আপনি সেক্রেটারী মহাশয়ের বিনা অনুমতিতে ও বিনা অবগতিতে কলিকাতা হইতে কত টাকার জিনিস কেনা-কাটা করিয়াছেন? উহার জন্য কমিটীর প্রকাশ্য সভায় সেক্রেটারী আপনাকে তীব্র ভর্ৎসনা করিয়াছিলেন কিনা?

১১। স্কুলের কাগজপত্র ঠিক না রাখার জন্য জঙ্গিপুরের ভূতপূর্ব্ব মহকুমা শাসক (স্কুলের প্রেসিডেণ্ট) ও কয়েকজন মেম্বর আপনাকে মৃদু ভর্ৎসনা করিয়াছিলেন কিনা?

১২। ছাত্রদের পানীয় জলের সুব্যবস্থা নাই কেন? জলের জন্য স্কুলের নিকটস্থ টিউবওয়েলে প্রায়ই ছাত্রেরা অপেক্ষা করে কিনা?

১৩। স্কুলের প্রয়োজনীয় কাগজপত্র বেআইনী-ভাবে সরল হৃদয় সম্পাদক মহাশয়কে অপদস্থ করার জন্য আপনার গৃহে রক্ষিত হইয়াছে কিনা? কমিটীর প্রকাশ্য সভায় আপনি ক্রোধান্ধ হইয়া ঐ কথা প্রকাশ করিয়াছিলেন কিনা?

১৪। স্কুলের একমাত্র ইংরাজীতে 'অনার্স' শিক্ষক এই স্কুলের প্রাক্তন ছাত্র শ্রীমান্ সুশান্ত ভৌমিক এই স্কুলের সম্পর্ক ত্যাগ করিলেন কেন?

১৫। টেষ্ট-পরীক্ষায় 'এলাউ' করিতে অনুরোধ করার জন্য জনৈক অভিভাবককে অভদ্রোচিত রুক্ষ ভাষায় তিরস্কার করিয়াছেন কিনা?

১৬। কার্য্যোপলক্ষে কোন অভিভাবক আপনার নিকট গেলে তাঁকে বসিতে এবং তাঁর সঙ্গে ভদ্র-ভাবে কথা বলেন না কেন?

১৭। মুর্শিদাবাদ জেলার স্কুল-পরিদর্শক মহাশয় স্কুলের হিসাবপত্র ঠিক না থাকা সম্বন্ধে মন্তব্য করিয়াছিলেন কিনা?

১৮। বিভাগীয় পরিদর্শক, স্কুলের প্রেসিডেণ্ট ও সভ্যগণ হিসাবপত্র ঠিক রাখা সম্বন্ধে পুনঃ পুনঃ মন্তব্য করা সত্বেও উহা ঠিক থাকে না কেন?

১৯। স্কুলে N. C. C.র ব্যবস্থার প্রচেষ্টা হয় নাই কেন?

২০। 'ক্র্যাফ্‌ট' বিষয় অদ্যাবধি প্রবর্ত্তন হয় নাই কেন? আপনি কোন্ পদ্ধতিতে ঐ বিষয়ে ছাত্রদিগকে নম্বর দিয়া থাকেন?

২১। গত ১৯৬৫—৬৬ সালের হাইয়ার সেকেণ্ডারী পরীক্ষার ফল অত্যন্ত খারাপ হওয়ার জন্য স্কুল কর্ত্তৃপক্ষ আপনার কৈফিয়ৎ তলব করিয়াছিলেন, তাহা অদ্যাবধি দিয়াছেন কি?

২২। অদ্যাবধি সুস্থদেহে জীবিত আচার্য্য বিনোবাভাবের মৃত্যু হইয়াছে বলিয়া ছুটি দেওয়ার জন্য স্কুল কর্ত্তৃপক্ষ আপনার কৈফিয়ৎ চাহিয়াছিলেন তাহা দিয়াছিলেন কিনা?

২৩। আপনার গঠনমূলক কোন যোগ্যতা আছে কিনা?

২৪। আপনি প্রায়ই অনিয়মিতভাবে স্কুলে আসেন কিনা? হাজিরা বহিতে তাহা উল্লেখ করেন কিনা?

২৫। অন্য শিক্ষকের বিলম্ব হইলে হাজিরা বহিতে 'রেড-মার্ক' করেন কিনা?

২৬। আপনার ব্যবহারে অধিকাংশ শিক্ষক ও ছাত্রগণ বিরক্ত ও অসন্তুষ্ট কিনা?

২৭। হোমগার্ড প্যারেড ময়দানে ঠিক সময়ে যোগদান না করার জন্য কর্ম্মরত হাবিলদারের—'আপ কমাণ্ডাণ্ট হোকে দের সে আয়ে তো হাম দুসরা আদমীকো ক্যা বোলেঙ্গে' বাণী শোনেন কিনা?

২৮। আপনি সর্ব্বদা 'ধরি মাছ না ছুঁই পানি' অবস্থায় কাটান কিনা?

---

# সরকারী বিজ্ঞপ্তি

সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ, বহরমপুর, বিজ্ঞাপিত করিতেছেন যে, মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকার কর্ত্তৃক ২৪-১১-৬৬ তারিখে গৃহীত ইহার সভায় রাধারঘাট—কান্দি রুটে, রুটের সাতজন স্থায়ী অপারেটর যথা:—(১) শ্রীনির্ম্মলকুমার মুখার্জ্জী, বহরমপুর, (২) শ্রীরাম-সুন্দর চক্রবর্ত্তী ও অন্যান্য, কান্দি, (৩) শ্রীযদুলাল রায়, কান্দি, (৪) শ্রীরামসুন্দর চক্রবর্ত্তী ও অন্যান্য, কান্দি, (৫) শ্রীরথীন্দ্র দেব ঘোষ হাজরা, খাগড়া, (৬) শ্রীযতিনচন্দ্র দাস, কান্দি, (৭) শ্রীরবীন্দ্রনাথ মজুমদার ও অন্যান্য, খাগড়া—ইহাদের অনুকূলে কান্দি ও জজানের মধ্যে প্রত্যহ উভয় দিকে অতিরিক্ত এক ট্রিপ মঞ্জুর করার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। ১৯৩৯ সালের মোটর যান আইনের ৫৭ ধারা অনুযায়ী এই ব্যাপারে আর্জিসমূহ উপরোক্ত সচিব কর্ত্তৃক ১৯৬৭ সালের ১০ই ফেব্রুয়ারী বৈকাল ৫টা পর্যন্ত গৃহীত হইবে। আঞ্চলিক পরিবহন প্রাধিকার কর্ত্তৃক আর্জিসমূহ (যদি পাওয়া যায়) বিবেচনার তারিখ, সময় ও স্থান যথাসময়ে জানানো হইবে।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি. কে. সেনের

**আমলা** কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২





অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্ভ্রান্ত ঔষধালয়ে পাইবেন।

**ঢাকা আয়ুর্বেদীয় ফার্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |



সব রকমের মোটর গাড়ীর স্পেয়ার পার্টস পেতে হলে একবার জঙ্গীপুর রোড বার্মা শেল পেট্রোল পাম্প সন্নিকটবর্ত্তী

**চৌধুরী মোটরস্-এ**

আসুন।



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

**পামারি**

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।



জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)